

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাত বিষয়ে জ্ঞাতব্য (معلوماة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৩. ছালাতের গুরুত্ব (أهمية الصلاة)

- 1) কালেমায়ে শাহাদাত পাঠ করার পরেই ইসলামে ছালাতের স্থান।[11]
- 2) ছালাত ইসলামের শ্রেষ্ঠতম ইবাদত, যা মি'রাজের রাত্রিতে ফর্য হয়।[12]
- 3) ছালাত ইসলামের প্রধান স্তম্ভ[13] যা ব্যতীত ইসলাম টিকে থাকতে পারে না।
- 4) ছালাত একমাত্র গুরুত্বপূর্ণ ইবাদত, যা ৭ বছর বয়স থেকেই আদায়ের অভ্যাস করতে হয়।[14]
- 5) ছালাতের বিধ্বস্তি জাতির বিধ্বস্তি হিসাবে পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে।[15]
- 6) পবিত্র কুরআনে সর্বাধিকবার আলোচিত বিষয় হ'ল ছালাত।[16]
- 7) মুমিনের জন্য সর্বাবস্থায় পালনীয় ফর্য হ'ল ছালাত, যা অন্য ইবাদতের বেলায় হয়নি।[17]
- 8) ইসলামের প্রথম যে রশি ছিন্ন হবে, তা হ'ল তার শাসনব্যবস্থা এবং সর্বশেষ যে রশি ছিন্ন হবে তা হ'ল 'ছালাত'। [18]
- 9) দুনিয়া থেকে 'ছালাত' বিদায় নেবার পরেই ক্নিয়ামত হবে।[19]
- 10) কিয়ামতের দিন বান্দার সর্বপ্রথম হিসাব নেওয়া হবে তার ছালাতের। ছালাতের হিসাব সঠিক হ'লে তার সমস্ত আমল সঠিক হবে। আর ছালাতের হিসাব বেঠিক হ'লে তার সমস্ত আমল বরবাদ হবে।[20]
- 11) দৈনিক পাঁচ ওয়াক্ত হিসাবে 'ছালাত'-কে ফরয করা হয়েছে, যা অন্য কোন ফরয ইবাদতের বেলায় করা হয়নি।[21]
- 12) মুমিন ও কাফির-মুশরিকের মধ্যে পার্থক্য হ'ল 'ছালাত'।[22]
- 13) জাহান্নামী ব্যক্তির লক্ষণ এই যে, সে ছালাত বিনষ্ট করে এবং প্রবৃত্তির পূজারী হয় (মারিয়াম ১৯/৫৯)।
- 14) ইবরাহীম (আঃ) আল্লাহর নিকটে নিজের জন্য ও নিজ সন্তানদের জন্য ছালাত কায়েমকারী হওয়ার প্রার্থনা করেছিলেন (ইবরাহীম ১৪/৪০)।
- 15) মৃত্যুকালে রাসূলুল্লাহ (ছাঃ)-এর সর্বশেষ অছিয়ত ছিল 'ছালাত' ও নারীজাতি সম্পর্কে।[23]

ফুটনোট

[11] . মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/১৭৭২ 'যাকাত' অধ্যায়-৬, পরিচছেদ-১।



- [12] . মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/৫৮৬২-৬৫ 'ফাযায়েল ও শামায়েল' অধ্যায়-২৯, 'মি'রাজ' অনুচ্ছেদ-৬।
- [13] . আহমাদ, তিরমিযী, ইবনু মাজাহ, মিশকাত হা/২৯ (..عموده الصلاة..) 'ঈমান' অধ্যায়-১।
- أَوْلاَدَكُمْ بِالصَّلاَةِ وَهُمْ أَبْنَاءُ سَبْعِ سِنِيْنَ وَاضْرِبُوْهُمْ عَلَيْهَا وَهُمْ أَبْنَاءُ عَشْرِ سِنِيْنَ وَفَرِّقُوْا بَيْنَهُمْ فِي . [14] مُرُوْا أَوْلاَدَكُمْ بِالصَّلاَةِ وَهُمْ أَبْنَاءُ سَبْعِ سِنِيْنَ وَاضْرِبُوْهُمْ عَلَيْهَا وَهُمْ أَبْنَاءُ عَشْرِ سِنِيْنَ وَفَرِّقُوْا بَيْنَهُمْ فِي . [14] مُصَاجع الْمَصَاجع আবুদাউদ হা/২৪৭, মিশকাত হা/৫৭২ 'ছালাত' অধ্যায়-৪, পরিচ্ছেদ-২।
- فَخَلَفَ مِنْ بَعْدهِمْ خَلْفٌ أَضَاعُوا الصَّلاَةَ وَاتَّبِعُوا الشَّهَوَات فَسَوْفَ يَلْقَوْنَ غَيًّا)) अर्थिक ([15] . मातिशाम که/که
- 16]] . কুরআনে অনূন্য ৮২ জায়গায় 'ছালাতের' আলোচনা এসেছে। আল-মু'জামুল মুফাহরাস লি আলফাযিল কুরআনিল কারীম (বৈরূত : ১৯৮৭)।
- [17] . বাকারাহ ২/২৩৮-৩৯; নিসা ৪/১০১-০৩।
- عَنْ أَبِيْ أَمَامَةَ الْبَاهِلِيِّ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَتُنْقَضَنَّ عُرَى الْإِسْلاَمِ عُرْوَةً .[19] اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَتُنْقَضَنَّ عُرُوةً وَسَلَّمَ النَّاسُ بِالَّتِيْ تَلِيْهَا وَأَوَّلُهُنَّ نَقْضًا الْحُكْمُ وَآخِرُهُنَّ الصَّلاَةُ عُرْوَةً تَشَبَّثَ النَّاسُ بِالَّتِيْ تَلِيْهَا وَأَوَّلُهُنَّ نَقْضًا الْحُكْمُ وَآخِرُهُنَّ الصَّلاَةُ

আহমাদ, ছহীহ ইবনু হিববান; আলবানী, ছহীহ আত-তারগীব ওয়াত তারহীব, হা/৫৬৯; আলবানী, ছহীহ জামে ছাগীর হা/৫০৭৫, ৫৪৭৮।

عَنْ أَنَسِ بْنِ حُكَيْمٍ عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَوَّلُ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ [20] عَنْ أَنَسِ بْنِ حُكَيْمٍ عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّحَتْ صَلَحَ سَائِرُ عَمَلِهِ، وَإِنْ فَسَدَتْ فَسَدَ سَائِرُ عَمَلِهِ الْعَبْدُ عَمَلِهِ، وَإِنْ فَسَدَتْ فَسَدَ سَائِرُ عَمَلِهِ

ত্বাবারাণী আওসাত্ব, ছহীহ আত-তারগীব ওয়াত তারহীব হা/৩৬৯, সিলসিলা ছহীহাহ হা/১৩৫৮; আবুদাউদ হা/৮৬৪-৬৬; নাসাঈ, তিরমিযী, মিশকাত হা/১৩৩০ 'ছালাতুত তাসবীহ' অনুচ্ছেদ-৪০।

- [21] মুত্তাফারু 'আলাইহ, মুসলিম, মিশকাত হা/৫৮৬২-৬৫ 'মি'রাজ' অনুচ্ছেদ; নিসা 8/১০৩।
- [22]. عَنْ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: بَيْنَ الرَّجُلِ وَيَيْنَ الشِّرْكِ .[22] عَنْ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ عَلْهِ اللهُ عَلْمَ اللهِ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهِ عَلْمَ اللهُ عَلْمَ اللهِ عَلْمَ اللهُ عَلْمُ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمُ اللهُ عَلْمَ اللهُ عَلْمُ اللهُ عَلَيْمَ اللهُ عَلْمُ اللهُ عَلْمُ اللهُ عَلَيْكُونُ عَلَيْكُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمُ عَلَيْهِ وَسَلَّمُ عَلَيْهِ وَسَلَّمُ عَلَيْهِ وَسَلَّمَ عَل
- [23] . عَنْ عَلِيّ قَالَ كَانَ آخِرُ كَلاَمِ النَّبِيّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلاَةُ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ . [23] रा/২৬৯৮ 'অছিয়তসমূহ' অধ্যায়; আবুদাঊদ হা/৫১৫৬ 'শিষ্টাচার' অধ্যায়, অনুচ্ছেদ-১৩৩।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=9171

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন